দৈনিক পাঞ্জেরী
অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদী কণ্ঠ The Daily Panjeree

রেজিঃ ডিএ ১৮৭৮ ■ বর্ষ ৮ ■ সংখ্যা ১৮২ ■ ঢাকা সোমবার ■ ৩০ সেপ্টেম্বর ২০১৯ ■ ১৫ আশ্বিন ১৪২৬ বাংলা ■ ৩০ মহররম ১৪৪১ হিজরি ■ পৃষ্ঠা ৮ ■ মূল্য ৪ টাকা

## গ্রাম আদালত সক্রিয় করতে মতবিনিময় সভা

**নিজস্ব প্রতিবেদক ▸**
দেশের গ্রাম আদালতগুলোকে সক্রিয় করার বিষয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম। তিনি বলেছেন, গ্রাম আদালতকে সক্রিয় করার মাধ্যমে জনগণের ন্যায়বিচারপ্রাপ্তির অধিকার নিশ্চিত এবং আদালতে মামলার জট কমাতে সরকার বদ্ধপরিকর। রোববার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের বলরুমে নেতৃস্থানীয় সাংবাদিকদের সঙ্গে 'গ্রাম আদালত বিষয়ে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধিতে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। এলজিআরডি মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীও বিভিন্ন সময়ে গ্রাম আদালতের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়েছেন। বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প ৭ পৃষ্ঠায় দেখুন

## মৌলভীবাজারে ভোক্তা অধিকার অধিদপ্তরের অভিযান

**মৌলভীবাজার প্রতিনিধি ▸**
মৌলভীবাজারের সদর উপজেলার পশ্চিমবাজার, কুলরুতউল্ল্যা রোড ও তার আশে পাশের এলাকার বিভিন্ন স্থানে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ৩টি প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা করা হয়েছে। রোববার ভোক্তা অধিকার আইনের বিভিন্ন ধারায় এ জরিমানা করা হয়। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. আল-আমিন এর নেতৃত্বে অভিযানে সহযোগিতা করেন সদর মডেল থানার পুলিশ ফোর্স। অভিযানকালে পশ্চিমবাজারে অবস্থিত সুলতান ট্রেডাসকে ৩ হাজার টাকা, কুলরুত উল্ল্যা রোডে অবস্থিত ৭ পৃষ্ঠায় দেখুন



মৌলভীবাজারের সদর উপজেলার পশ্চিমবাজার, কুলরুত উল্ল্যা রোড ও তার আশপাশের এলাকার বিভিন্ন স্থানে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ৩টি প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা করা হয়েছে। রোববার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. আল-আমিন এর নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয় —পাঞ্জেরী

# ৯২ হাজার কারাবন্দির জন্য চিকিৎসক মাত্র ৯ জন!

**বিশেষ প্রতিবেদক ▸**
রাজধানী ঢাকাসহ সারাদেশের ১৩টি কেন্দ্রীয় ও ৫৫টি জেলা কারাগারসহ মোট ৬৮টি কারাগারে অসুস্থ বন্দিরা ন্যূনতম চিকিৎসাসেবা পাচ্ছেন না। এসব কারাগারে বন্দি ধারণক্ষমতা ৩৬ হাজার ৭১৪। তবে সর্বশেষ (২৯ সেপ্টেম্বর) পরিসংখ্যান অনুযায়ী বন্দির সংখ্যা ৯২ হাজারেরও বেশি।
অবিশ্বাস্য হলেও সত্য যে, এত বিপুলসংখ্যক হাজতি ও কয়েদির চিকিৎসাসেবা প্রদানের জন্য চিকিৎসক মাত্র নয়জন অর্থাৎ প্রতি ১০ হাজার বন্দিকে চিকিৎসার জন্য চিকিৎসক মাত্র একজন।
কারা অধিদপ্তর সূত্রে জানা গেছে, বন্দিদের মধ্যে অনেকেই হৃদরোগ, কিডনি ও উচ্চ রক্তচাপসহ বিভিন্ন অসংক্রামক ব্যাধিতে আক্রান্ত। অধিকাংশ কারাগারে চার-পাঁচগুণ বেশি বন্দি অবস্থান করায় প্রতিনিয়ত বিভিন্ন রোগের প্রাদুর্ভাব ঘটছে। এতে বন্দিদের যথাযথ স্বাস্থ্যসেবা প্রদান সম্ভব হচ্ছে না বলে মন্তব্য করেছেন কারা কর্মকর্তারা।
কারা অধিদপ্তরের আইজি প্রিজন (ভারপ্রাপ্ত) ওবায়দুর রহমান জানান, কারাবন্দিদের চিকিৎসাসেবার জন্য ৬৮ কারাগারের কারা হাসপাতালের জন্য মোট ১৪১টি পদ (সহকারী সার্জন ৭০, নারী সহকারী সার্জন ১২, প্যাথলজিস্ট ১২, মেডিকেল অফিসার ১১, তত্ত্বাবধায়ক হাসপাতাল ১, সিনিয়র কনসালট্যান্ট ২, জুনিয়র কনসালট্যান্ট ১০, আবাসিক চিকিৎসক ৫, রেজিস্ট্রার ১, সহকারী রেজিস্ট্রার ১, রেডিওলজিস্ট ১, অ্যানেস্থেসিওলজিস্ট ১, মেট্রন হাসপাতাল ১, মনোবিজ্ঞানী ১ ও ক্লিনিক্যাল সাইকোলজিস্ট ১২ জন) পদ সৃষ্টি করা হলেও এসব অনুমোদিত পদের বিপরীতে বর্তমানে মাত্র আটজন সহকারী সার্জন ও একজন জুনিয়র কনসালট্যান্ট কর্মরত।
খোঁজ নিয়ে জানা গেছে, চলতি বছরের ৯ জানুয়ারি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষাসেবা বিভাগের সচিব ফরিদ উদ্দিন আহমদ চৌধুরী দেশের ৬৮ কারাগারে চিকিৎসকসহ জনবল সংকটের কথা জানিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্যসেবা বিভাগের সচিব মো. আসাদুল ইসলামের কাছে চিঠি লেখেন। কিন্তু নয় মাস পেরিয়ে গেলেও এখন পর্যন্ত কারাগারে চিকিৎসক পদায়ন হয়নি।
ওই চিঠিতে বলা হয়, গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এর ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে তত্ত্বাবধায়ক ১, ৭ পৃষ্ঠায় দেখুন

## সৌদি আরবে পর্যটন ভিসা পাবে না বাংলাদেশিরা

**ডেস্ক রিপোর্ট ▸**
তেল নির্ভর অর্থনীতি থেকে বেরিয়ে আসতে পর্যটন ভিসা চালু করেছে সৌদি আরব। তবে সৌদি আরব পর্যটন ভিসা চালু করলেও সে সুবিধা পাচ্ছে না বাংলাদেশ। গত শুক্রবার সৌদি কমিশন ফর ট্যুরিজম এন্ড হেরিটেজের চেয়ারম্যান আহমেদ আল খাতিব রিয়াদের আল-দিরিয়াহ শহরে এক অনুষ্ঠানে এই ভিসার কার্যক্রম উদ্বোধন করেন। যে ৪৯টি দেশের নাগরিকদের জন্য এ ভিসা চালু করা হয়েছে সে তালিকায় নেই বাংলাদেশের নাম।
সৌদি আরবের পর্যটন ভিসার জন্য যে ৪৯টি দেশের নাগরিক আবেদন করতে পারবে সে দেশগুলো হলো- যুক্তরাষ্ট্র, ৭ পৃষ্ঠায় দেখুন

# বিমানের কাছে বকেয়া পাওনার সোয়া ৩ গুণ দাবি বিপিসির

**চট্টগ্রাম ব্যুরো ▸**
রাষ্ট্রায়ত্ত উড়োজাহাজ সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইনস ফ্লাইট পরিচালনার জন্য পদ্মা অয়েল থেকে জেট ফুয়েল কেনে। কিন্তু নিয়মিত পাওনা পরিশোধ করতে না পারায় বকেয়া পাওনা বাড়ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) সর্বশেষ হিসাবে এ পাওনা ছয় হাজার ৪৫২ কোটি টাকা। অন্যদিকে পদ্মা অয়েলের হিসাবে পাওনা দুই হাজার ৬৩ কোটি টাকা। অর্থাৎ প্রকৃত পাওনার চেয়ে প্রায় সোয়া তিনগুণ বেশি বকেয়া পাওনার দাবি বিপিসি'র! যদিও উভয়ের হিসাব একটা হওয়ার কথা। আর বিপিসি'র হিসাব প্রক্রিয়া নিয়ে বিস্ময় প্রকাশ করেন সংশ্লিষ্টরা।
বিপিসির সূত্রমতে, বিমান জেট ফুয়েলের বড় গ্রাহক। বিপিসির সর্বশেষ (চলতি বছরের এপ্রিল থেকে জুন পর্যন্ত হিসাব) এমআইএস প্রতিবেদনে এ পাওনা দেখানো হয়েছে ছয় হাজার ৪৫২ কোটি টাকা। আর গত বছরের অক্টোবর-ডিসেম্বর এমআইএস প্রতিবেদনে এ পাওনা দেখানো হয় পাঁচ হাজার ৯৮৭ কোটি ৮০ লাখ টাকা। অর্থাৎ ৯ মাসের ব্যবধানে বকেয়া পাওনা বেড়েছে ৪৬৫ কোটি টাকা। বকেয়া পরিশোধে বিমানকে বারবার তাগাদা দিয়ে সাড়া পাচ্ছে না বিপিসি। তাই পাওনা পরিশোধের জন্য জ্বালানি বিভাগ এবং বেসামরিক বিমান পরিবহন মন্ত্রণালয়ের মধ্যে একাধিকবার বৈঠক ও চিঠি চালাচালি হয়েছে। তবে পাওনা পরিশোধে নিশ্চয়তা মেলেনি।
এদিকে দেশে জেট ফুয়েলের বিপণনকারী একমাত্র প্রতিষ্ঠান পদ্মা অয়েল লিমিটেড। প্রতিষ্ঠানটির আগস্ট মাস শেষে বকেয়া হিসাব থেকে জানা যায় বিমানের কাছে সুদাসলসহ মোট বকেয়া পাওনার পরিমাণ ৭ পৃষ্ঠায় দেখুন

## সামরিক শক্তিতে ১১ ধাপ এগিয়েছে বাংলাদেশ

**ডেস্ক রিপোর্ট ▸**
সামরিক শক্তির দিক থেকে বাংলাদেশ বিশ্বের ৪৫তম শক্তিশালী দেশ। ২০১৯ সালে বিশ্বের ১৩৭টি দেশের মধ্যে বাংলাদেশের এই অবস্থানে কথা জানাচ্ছে গ্লোবাল ফায়ার পাওয়ার নামের একটি জরিপকারী প্রতিষ্ঠান। এক বছরের ব্যবধানে ১১টি দেশকে পিছনে ফেলেছে বাংলাদেশ। ২০১৮ সালে ব্যাংকিংয়ে বাংলাদেশের অবস্থান ছিলো ৫৬তম। এই ব্যাংকিংয়ে বিশ্বের সবচেয়ে বড় সামরিক শক্তির দেশ যুক্তরাষ্ট্র, দ্বিতীয় রাশিয়া ও তৃতীয় চীন।
৫৫টি মাপকাঠির ভিত্তিতে এই সামরিক শক্তিমত্তার সূচকে স্কোর দেওয়া হয়েছে। ৭ পৃষ্ঠায় দেখুন

## চুনারুঘাটে সীমান্তে অর্ধকোটি টাকার ভারতীয় চা পাতা ও টায়ার আটক

**নুর উদ্দিন সুমন, হবিগঞ্জ প্রতিনিধি ▸**
হবিগঞ্জের চুনারুঘাট উপজেলার সীমান্ত এলাকায় খোয়াই নদী দিয়ে চোরাই পথে ভারত থেকে নিয়ে আসা প্রায় অর্ধকোটি টাকার ভারতীয় চা পাতা ও টায়ার আটি করছে স্থানীয় জনতা। এ সময় জনতার ধাওয়া খেয়ে চোরাকারবারিরা পালিয়ে গেলে বেশকিছু চা-পাতা ও টায়ার জনসাধারণ কুড়িয়ে নিয়ে যায়। গত ২৬ সেপ্টেম্বর শুক্রবার সকাল ৭টায় এ ঘটনাটি ঘটে। জানা যায়, চুনারুঘাট উপজেলার বনর্গাও কোটবাড়ী গোদারাঘাট এলাকা দিয়ে ভারতীয় চা পাতা এবং গাড়ির টায়ার প্রবেশ করার সময় স্থানীয় জনতা দেখে হৈচৈ শুরু করে। পরে বিজিবি বাল্লা বিওপির সুবেদার হাবিবুর রহমানের নেতৃত্বে জওয়ানরা খবর পেয়ে সেখানে গিয়ে ৫ হাজার ২৩০ কেজি চা-পাতা ও ৪৯টি টায়ার জব্দ করেন। এ বিষয়ে আহম্মদাবাদ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব আব্দুল লতিফ জানান, শুক্রবার ভোরে এই বিপুল পরিমাণ চোরাইমাল নদীতে ভাসিয়ে আনার দৃশ্য দেখে বিজিবিসহ স্থানীয় প্রশাসনকে অবগত করেন। কিন্তু স্থানীয় প্রশাসন রহস্যজনিত কারণে তাৎক্ষণিক কোন ভূমিকা না রাখায় তিনি নিজেই স্থানীয় লোকজনকে খবর দিয়ে মালামালগুলো আটক করেন। তিনি আরও জানান, এ সময় চারপাশ থেকে ৭ পৃষ্ঠায় দেখুন

## সাড়ে ৩৭ লাখ টাকার পর্দা দুর্নীতি অনুসন্ধানে দুদক

**নিজস্ব প্রতিবেদক ▸**
ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে সাড়ে ৩৭ লাখ টাকা দামে এক সেট পর্দা কেনার ঘটনা অনুসন্ধানে মাঠে নেমেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। রোববার দুদক সূত্রে এই তথ্য জানা গেছে।
দুদক সূত্র আরও জানিয়েছে, কমিশনের প্রধান কার্যালয়ের উপসহকারী পরিচালক সহিদুর রহমানকে অনুসন্ধানের কর্মকর্তা হিসেবে নিয়োগ ৭ পৃষ্ঠায় দেখুন

## বই কিনতে জাহাজ কোম্পানির সঙ্গে চুক্তি আগেই ব্যয় ২ কোটি

**নিজস্ব প্রতিবেদক ▸**
বই কেনার জন্য খুলনা শিপইয়ার্ডকে অগ্রীম দুই কোটি টাকা দিয়েছে গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বশেমুরবিপ্রবি)। ২০১৮ সালের মাঝামাঝি সময়ে এই টাকা প্রদান করা হয় বলে জানিয়েছেন তৎকালীন প্রকল্প পরিচালক মো. আব্দুল কুদ্দুস মিয়া। তাঁর সাক্ষরিত চেকটিতে দেখা যায়, খুলনা শিপইয়ার্ডকে বই কেনার জন্য অগ্রীম এই টাকা প্রদান করা হয়েছে। জাহাজ কেনার প্রতিষ্ঠানকে কেনো বই কেনার দায়িত্ব দেয়া হলো এমন প্রশ্নের জবাবে কুদ্দুস মিয়া জানান, 'সরকারি ৭ পৃষ্ঠায় দেখুন

# শিক্ষা বোর্ডগুলোতে ১৬৭ কোটি টাকার অনিয়ম

**নিজস্ব প্রতিবেদক ▸**
দেশের আটটি শিক্ষা বোর্ডে ৩৩ ধরনের আর্থিক অনিয়ম চলছে। যে কাজের জন্য তারা বছরে অন্তত ছয়টি বোনাস নেন, সেই কাজের জন্য আবার সম্মানীও নেন।
এছাড়া বিভিন্ন ধরনের কেনাকাটা, কেনাকাটার অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের ট্যাক্স ও ভ্যাট ফাঁকি দেয়া হচ্ছে। বোর্ডগুলোতে আয়ের সঙ্গে ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবেও রয়েছে গড়মিল। দেখানো আয় ব্যাংক হিসাবে জমা না পড়ার ঘটনাও চিহ্নিত হয়েছে। সম্প্রতি স্থানীয় সরকার ও রাজস্ব অডিট অধিদপ্তর গত দুই মাস ধরে দেশের আটটি শিক্ষা বোর্ডে সরেজমিন নিরীক্ষা করে। এরপর এ সংক্রান্ত বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন পাঠিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ে। প্রতিবেদনে দেখা গেছে, বোর্ডগুলোতে সবমিলিয়ে ১৬৭ কোটি টাকার অনিয়ম পাওয়া গেছে। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে আটটি শিক্ষা বোর্ডে এসব অর্থ ব্যয় করা হয়েছে।
প্রতি বছরের মতো ২০১৭-১৮ শিক্ষাবর্ষে দেশের আটটি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ডের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন জমা দেয়া হয়েছে। এতে ৩৩ ধরনের অনিয়ম ও অর্থ অপচয়ের তথ্য উঠে এসেছে।
তার মধ্যে রয়েছে- প্রাপ্য না হওয়া সত্ত্বেও ৭ পৃষ্ঠায় দেখুন

## সেন্ট্রাল শরীয়াহ বোর্ডের চেয়ারম্যান আব্দুল্লাহ সেক্রেটারি শরীফ

**নিজস্ব প্রতিবেদক ▸**
সেন্ট্রাল শরীয়াহ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস অব বাংলাদেশের চেয়ারম্যান হিসেবে মুফতী ডক্টর মুহাম্মদ আব্দুল্লাহ নির্বাচিত হয়েছেন। এছাড়া সাধারণ সম্পাদক পদে পুনর্নির্বাচিত হয়েছেন মো. আবদুল্লাহ শরীফ। তারা ২০১৯-২৩ মেয়াদে দায়িত্ব পালন করবেন।
রোববার সেন্ট্রাল শরীয়াহ বোর্ডের জেনারেল সেক্রেটারিয়েটে সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে বোর্ডের ২১টি সদস্যব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, শরীয়াহ সুপারভাইজরি কমিটি এবং ৭ পৃষ্ঠায় দেখুন

# নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা পাচ্ছেন মাধবদীবাসী


**নিজস্ব প্রতিবেদক ▸**
নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা ভোগ করছেন নরসিংদী জেলার মাধবদীবাসী। গ্রাহকদের সন্তুষ্টি অর্জনে শতভাগ সফলতা অর্জন করতে যাচ্ছে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১। যার সদর দপ্তর নরসিংদীর মাধবদীতে অবস্থিত। নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন একটি অতি গুরুত্বপূর্ণ এলাকা মাধবদী জোনাল অফিস। বাংলাদেশের কাপড় ব্যবসায়ীদের কাছে



ডিজিএম মো. মহিউদ্দিন মোশাহেদুল্লাহ

সুপরিচিত একটি এলাকা বাবুরহাট। এই প্রসিদ্ধ বাবুরহাট এলাকাটি মাধবদীতে অবস্থিত। এখানে আমানত শাহ লুঙ্গী, পাকিজা প্রিন্ট শাড়ি, মোশাররফ স্পিনিং মিলসহ বড় বড় শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। এছাড়া মাঝারি এবং অসংখ্য ছোট বড় শিল্প প্রতিষ্ঠানও গড়ে উঠেছে। যা সম্ভব হয়েছে পল্লী বিদ্যুৎ সমিতির কল্যাণে।
মাধবদী জোনাল অফিসের আওতায় ৭ পৃষ্ঠায় দেখুন

### নামাজের সময়সূচি



| ওয়াক্ত | ওয়াক্ত শুরু | জামাত |
|---|---|---|
| ফজর | ৪-৩৬ | ০৫-২৫ |
| জোহর | ১১-৫২ | ০১-১৫ |
| আছর | ০৪-১৯ | ০৪-৩০ |
| মাগরিব | ০৫-৫৩ | ০৫-৫৭ |
| এশা | ০৭-০৫ | ০৭-৪৫ |

সূত্র : ইসলামিক ফাউন্ডেশন

টক অব দা টাউন

## চাহিদা বেড়েছে সিন্দুকের

**বিশেষ প্রতিবেদক ▸**
আইনশৃঙ্খলা বাহিনীর অব্যাহত অভিযানে রাজধানীর বিভিন্ন ক্লাব, বার ও বাসা-বাড়িতে সন্ধান পাওয়া যাচ্ছে লকার বা সিন্দুকের। এসবের ভেতরে মিলছে কোটি কোটি নগদ টাকা, স্বর্ণালংকার ও আগ্নেয়াস্ত্র। এ পটভূমিতে সিন্দুক প্রস্তুতকারী ও বিক্রেতারা বলছেন, একসময় কেবল সোনা ব্যবসায়ীদের মধ্যে সিন্দুক-লকার ব্যবহারের প্রচলন ছিল; এখন বাসা-বাড়িতেও এর চাহিদা বেড়েছে।
খোঁজ নিয়ে জানা গেছে, কেবল রাজধানীর ৭ পৃষ্ঠায় দেখুন



ঘুম নেই প্রতিমা তৈরির কারিগরদের। শেষ মুহূর্তে প্রতিমায় রঙ-তুলিতে ব্যস্ত মৃৎশিল্পী। ছবিটি রোববার চট্টগ্রাম নগরীর সদরঘাট কালিবাড়ী থেকে তোলা হয়েছে —পাঞ্জেরী

# তুলির শেষ আঁচড় দিতে ব্যস্ত প্রতিমাশিল্পীরা

**নিজস্ব প্রতিবেদক ▸**
ধূপ-ধুনোর ঘ্রাণ আর ঢাকের তালে তালে ৪ অক্টোবর থেকে শুরু হচ্ছে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজা। ঘোড়ায় চড়ে কৈলাস থেকে দেবী দুর্গা আসছেন মর্ত্যলোকে। আর মাত্র কয়েকটা দিন। চারপাশে তাই সাজসাজ রব। শনিবারই মহালয়ার ভোগ প্রদানের মধ্য দিয়ে দেবীর আগমনী বার্তা জানিয়ে দেওয়া হয়েছে সবাইকে।
এ সময় সবচেয়ে ব্যস্ত সময় কাটাচ্ছেন প্রতিমাশিল্পীরা। বাড়ি-বাড়ি বা পাড়ায়-পাড়ায় যে পূজামণ্ডপ সেজে উঠবে, তার মধ্যমণিকে সাজিয়ে তুলতেই কারিগরদের এত ব্যস্ততা।
রাজধানীর রায়েরবাজার, নিমতলা, শাখারিপট্টির প্রতিমা কারিগরদের বাড়িতে গিয়ে দেখা গেলো ব্যস্ততা। তুলির শেষ আঁচড় দিতে ব্যস্ত কারিগররা। দেবীর আবির্ভাব শরৎকালে হলেও প্রতিমা কারিগরদের কাজ শুরু হয় সেই বৈশাখের শুরু থেকেই। বর্ষাকালে বাড়ে কাজের তোড়জোর। বর্ষায় নরম মাটি সংগ্রহ করে রাখেন পালশিল্পীরা।
এই মুহূর্তে শুধু চক্ষুদান ও পোশাক ও অলংকার পরানোর কাজ বাকি আছে মাত্র। কোথাও কোথাও অবশ্য রঙের কাজও বাকি আছে। শরতের বৃষ্টি কাজে বেশ বাগড়া দিচ্ছে বলে জানালেন রায়েরবাজার নিমতলা মন্দিরের কানাই পাল। ছোটবেলায় বাবার হাত ধরে তুলির আঁচড়ে দেবীকে সাজানোর মধ্যে দিয়ে শুরু হয় তার প্রতিমা ৭ পৃষ্ঠায় দেখুন

## সিআইপি সম্মাননা পাচ্ছেন ৪৮ ব্যবসায়ী

**নিজস্ব প্রতিবেদক ▸**
সরকার ৪৮ জন ব্যবসায়ীকে 'বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ' ব্যক্তি হিসেবে (সিআইপি-শিল্প) নির্বাচিত করেছে। দেশের অর্থনীতিতে অবদানের জন্য বিশেষ করে বেসরকারি খাতে শিল্প স্থাপন, পণ্য, উৎপাদন, কর্মসংস্থান সৃষ্টি ও জাতীয় আয় বৃদ্ধির ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য 'সিআইপি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০১৪' অনুযায়ী, ২০১৭ সালের জন্য ৯ ক্যাটাগরিতে এই ৪৮ জন ব্যবসায়ীকে সম্মাননা দেওয়া হচ্ছে। শিল্প মন্ত্রণালয় সম্প্রতি এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে।
নির্বাচিত এই সিআইপিরা এক বছরের জন্য পরিচয়পত্র পাবেন। যা দিয়ে বিভিন্ন সরকারি সুযোগ-সুবিধা নিতে পারবেন। রাষ্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রণ পাবেন। সিআইপিরা কার্ড পাওয়ার পর থেকে এক বছরের জন্য ব্যবসাসংক্রান্ত ভ্রমণের সময় বিমান, রেলপথ, সড়ক ও জলপথে সরকারি যানবাহনে আসন সংরক্ষণের অগ্রাধিকার পাবেন। বিমানবন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহারের সুবিধা এবং সচিবালয়ে প্রবেশের পাস পাবেন তারা। সহজে ভিসা পাওয়ার জন্য তাদের অনুকূলে পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট দূতাবাসকে 'লেটার অব ইন্ট্রোডাকশন' দেবে। সরকারি হাসপাতালে স্ত্রী, সন্তান ও নিজের চিকিৎসা সেবা গ্রহণে অগ্রাধিকার পাবেন। এছাড়া সরকার শিল্পবিষয়ক নীতিনির্ধারণী কোনো কমিটিতে সিআইপিদের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবে। এ ছাড়া বিদেশে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয়ে বৈঠকের সুযোগ পাবেন সরকারি নীতিনির্ধারকদের ৭ পৃষ্ঠায় দেখুন




নরসিংদী পৌরসভার খাটেহারা ঈদগাহ্ মাঠে আয়োজিত অপরাধ প্রতিরোধে কমিউনিটি পুলিশের মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নরসিংদী মডেল থানার অফিসার ইনচার্জ মো. সৈয়দুজ্জামান —পাঞ্জেরী

## নরসিংদীতে কমিউনিটি পুলিশের মতবিনিময় সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি ▸**
নরসিংদীতে অপরাধ প্রতিরোধে কমিউনিটি পুলিশের এক মতবিনিময় সভা নরসিংদী পৌরসভার খাটেহারা ঈদগাহ্ মাঠে অনুষ্ঠিত হয়। এ মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নরসিংদী মডেল থানার অফিসার ইনচার্জ মো. সৈয়দুজ্জামান। নরসিংদী পৌরসভার বিশিষ্ট সমাজসেবক আলহাজ্ব জনাব আলীর সভাপতিত্বে মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- নরসিংদী পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি মো. বেল্লাল হোসেন, নরসিংদী পৌরসভার ৯নং ওয়ার্ড ৭ পৃষ্ঠায় দেখুন

দৃষ্টিপাত

## জমির বিরোধে হামলা গৃহবধূর চুল কর্তন

**পাবনা প্রতিনিধি ▸**
পাবনায় 'জমির মামলা তুলে না নেওয়ায়' এক গৃহবধূর মাথার চুল কাটা, স্বামীসহ তাকে গাছে বেঁধে মারধর ও সিগারেটের ছ্যাঁকা দেওয়ার অভিযোগ উঠেছে প্রতিপক্ষের বিরুদ্ধে।
সদর উপজেলার দোগাছি ইউনিয়নের মাদারবাড়িয়া গ্রামে শনিবার শেষ রাতের দিকে এই ঘটনা ঘটে।
আহত এই দম্পতিকে পাবনা জেনারেল হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। নির্যাতনের শিকার ঐ দম্পতির ৭ পৃষ্ঠায় দেখুন

## গণপূর্তের দুর্নীতিতে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থার নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক ▸**
চলমান প্রকল্পে যাতে দুর্নীতি না হয়, সেজন্য সতর্ক থাকতে পরামর্শ দিয়েছে জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি। একইসঙ্গে গণপূর্ত অধিদপ্তরের ২০১১-১২ অর্থবছরের আর্থিক দুর্নীতির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে কমিটি।
রোববার জাতীয় সংসদ ভবনের ক্যাবিনেট কক্ষে অনুষ্ঠিত সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১২তম বৈঠকে এ নির্দেশ দেওয়া হয়েছে। জাতীয় সংসদ সচিবালয়ের গণসংযোগ শাখার এক প্রেস বিজ্ঞপ্তিতে ৭ পৃষ্ঠায় দেখুন

# জয়পুরহাটে খাদ্য নিয়ন্ত্রকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

**জয়পুরহাট প্রতিনিধি ▸**
চলতি বোরো মৌসুমে সরকারিভাবে চাল ক্রয়ে অনিয়মের অভিযোগ উঠেছে জয়পুরহাট জেলা খাদ্য বিভাগের বিরুদ্ধে। নীতিমালা উপেক্ষা করে মোটা অংকের উৎকোচ নিয়ে সদর উপজেলার ২৬ চালকল মালিককে বিশেষ সুবিধা দেওয়ার অভিযোগ করেছেন ৭৫ চালকল মালিক। তাদের দাবি, কাগজে-কলমে চাল উৎপাদনের ক্ষমতা বাড়িয়ে তাদের অধিক পরিমাণ চাল সর্বরাহের বরাদ্দ দেওয়া হয়েছে। এতে ন্যায্য অধিকার থেকে তারা বঞ্চিত হয়েছেন। এ অবস্থায় তদন্তের মাধ্যমে বরাদ্দ বিভাজনের দাবিতে ইতিপূর্বে তারা সংবাদ সম্মেলন এবং মানববন্ধন কর্মসূচিও পালন করেছেন।
জেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস সূত্রে জানা গেছে, জেলায় চালকলের সংখ্যা ৫২৬টি। এর মধ্যে অটোমেটিক চালকল ২০টি, সেমি অটোমেটিক সাতটি এবং বাকিগুলো হাসকিং। চলতি বোরো মৌসুমে জেলায় সরকারিভাবে চাল ক্রয়ের বরাদ্দ হয় ২১ হাজার ৪১৮ টন। যার মধ্যে সদরে পাঁচ হাজার ৫৮৬ টন, পাঁচবিবিতে পাঁচ হাজার ৯০, কালাইয়ে চার হাজার ৫৩১, ক্ষেতলালে চার হাজার ৪৯ এবং আক্কেলপুরে ৭ পৃষ্ঠায় দেখুন

## ৯-৩১ অক্টোবর ইলিশ ধরা নিষিদ্ধ

**নিজস্ব প্রতিবেদক ▸**
আগামী মাস অক্টোবরের ৯ থেকে ৩১ তারিখ পর্যন্ত মোট ২২ দিন ডিম পাড়ার প্রধান সময় হওয়ায় এই সময়ে ইলিশ ধরা নিষিদ্ধ করতে যাচ্ছে সরকার। রোববার সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে আন্তঃমন্ত্রণালয় সভা শেষে সাংবাদিকদের এ তথ্য জানান মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান।
তিনি বলেন, এ সময়টায় মা ইলিশ ডিম পাড়ে। যদিও সারা বছর পাড়ে তবে এ সময়ে ডিম পাড়ে ৮০ শতাংশ ইলিশ। আর এই ডিম পাড়ে মূলত মিঠা পানিতে। তাই আশ্বিনের পূর্ণিমার চার দিন আগে এবং পূর্ণিমার পর ১৮ দিন মোট ২২ দিন দেশের ৭ পৃষ্ঠায় দেখুন

প্রকাশক ও সম্পাদক : মো. নুরুল ইসলাম তালুকদার, বীর মুক্তিযোদ্ধা, নির্বাহী সম্পাদক : তালুকদার রুমী, প্রকাশক কর্তৃক মনিরামপুর প্রিন্টিং প্রেস ৭৬/এ, নয়াপল্টন, থানা: পল্টন, ঢাকা-১০০০ হতে মুদ্রিত এবং ৮৫/১, নয়াপল্টন (৫ম তলা), থানা: পল্টন, ঢাকা-১০০০ হতে প্রকাশিত। সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : ৮৫/১, নয়া পল্টন (৫ম তলা), ঢাকা-১০০০।
ফোন : ৯৩৫৯১৪৬, ৯৩৬০০২৪, মোবাইল : ০১৭১২-৬৩১১৩২, ০১৭১৫-৭৯২৫০২, ফ্যাক্স : ৮৮-০২-৯৩৫৫০০৪, E-mail : panjereep@gmail.com, panjereep@yahoo.com